127

ভোরের কাগজ

তারিখ JUN 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## আপনার বয়স কতো?

গত ২৭-৫-৯৯ ইং 'ভোরের কাগজে'র 'মুক্তচিন্তা' বিভাগে প্রকাশিত 'আপনার বয়স কতো' শিরোনামে লেখাটি পড়ে খুবই আনন্দিত হয়েছি। এ ধরনের সাহসীপূর্ণ বিষয় নিয়ে লেখার জন্য লেখিকা য়েন য়েনকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি নিজেও যখন এসএসসি পরীক্ষা দিয়েছি, তখন আমার বয়স ছিল ১৬ কিন্তু রেজিস্ট্রেশন কার্ডে লেখা হলো ১৪। আমাদের শিক্ষকরা জোর করেই এই ঘৃণ্য কাজ করেছে। এ নিয়ে আজো আমার খুব দুঃখ হয়। আমার জীবন থেকে যে দুটি বছর ঝরে গেছে, সে সময়ে আমি কোনো না কোনো মূল্যবান কাজ করে ব্যয় করেছি। মানুষের জীবনের প্রতিটি মুহূর্তই মূল্যবান। কিন্তু এ কথা বোঝার আগ্রহ কারো নেই, উপরন্তু অতি উৎসাহ নিয়েই অভিভাবক ও শিক্ষার্থীরা এ কাজ করে থাকে। এভাবে আর কতোদিন চলবে? যে শিক্ষার্থীর জীবন থেকে মূল্যবান বছরগুলো নষ্ট হচ্ছে কেউ কি তা ফিরিয়ে দেবে? দেবে না। দিতে পারবে না।

তাই আমি এ বিষয়ে কর্তৃপক্ষসহ শিক্ষক, অভিভাবক এবং শিক্ষার্থীদের সচেতন হওয়ার অনুরোধ জানাচ্ছি। আর যেন কারো জীবন থেকে কোনো মূল্যবান বছর ঝরে না যায়।

মোহাম্মদ আলী আছগর
নতুন মুনছুরাবাদ
পাহাড়তলী, চট্টগ্রাম